



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন,

৭১/৭২, পুরাতন এ্যালিফেণ্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।



“মুজিববর্ষের সেবা নিন  
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।”

ঋণ ও অগ্রিম বিভাগ

পরিপত্র নং-০৩/২০২৩

তারিখঃ ১৫.০২.২০২৩

**বিষয়ঃ “QR Code সম্বলিত BMET Emigration Clearance Card গ্রহণপূর্বক ঋণ বিতরণ  
প্রসঙ্গে।**

ব্যাংকের পরিচালনা পর্ষদের গত ২৯.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ১০০তম সভায় অত্র ব্যাংকের প্রশাসনিক ও  
ব্যাংকিং বিষয়ে গতিশীলতা আনায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক অনলাইনে ইস্যুকৃত QR Code সম্বলিত BMET  
Emigration Clearance Card বিএমইটি’র ওয়েবসাইটে অথবা ‘আমি প্রবাসী’ Apps ব্যবহার করে  
QR Code স্ক্যানের মাধ্যমে উক্ত কার্ডের সঠিকতা যাচাই করে একটি কপি ঋণ নথিতে সংরক্ষণপূর্বক ঋণ বিতরণের  
সিদ্ধান্ত গৃহীত হয়”।

২.০ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক  
বিদেশগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম সহজীকরণ ও ডিজিটাইজেশন করার লক্ষ্যে অনলাইন ক্রিয়ারেন্সর  
মাধ্যমে QR Code সম্বলিত BMET Emigration Clearance Card প্রদানের কার্যক্রম শুরু করেছে।

৩.০ অত্র ব্যাংকের ঋণ বিতরণ কার্যক্রম সহজীকরণের মাধ্যমে ঋণ গ্রহীতাদের দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে  
অভিবাসন ঋণ ও নারী অভিবাসন ঋণ নীতিমালা অনুযায়ী বিদ্যমান ম্যানপাওয়ার (বিএমইটি) স্মার্ট কার্ড অথবা জনশক্তি  
কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক অনলাইনে ইস্যুকৃত QR Code সম্বলিত BMET Emigration  
Clearance Card গ্রহণপূর্বক বিএমইটি’র ওয়েবসাইটে অথবা ‘আমি প্রবাসী’ Apps  
(<https://amiprobashi.com/download-clearance.html>) ব্যবহার করে QR Code স্ক্যানের মাধ্যমে  
উক্ত কার্ডের সঠিকতা যাচাই করে ঋণ বিতরণ করতে হবে।

৪.০ উক্ত কার্ডের সঠিকতা নিরূপণপূর্বক Verified and Found Ok লেখা সম্বলিত সিল ব্যবহার ও  
স্বাক্ষর করে ঋণ নথিতে তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৫.০ এ আদেশ পত্র জারির তারিখ হতে কার্যকর হবে এবং এ সংক্রান্ত ০১.০২.২০২৩ তারিখের পরিপত্র নং-  
০১/২০২৩ রহিত করা হলো।

৬.০ বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

*(Handwritten signature)*

(মোঃ হাবুস অর রশীদ)  
উপমহাব্যবস্থাপক  
ও বিভাগীয় প্রধান

সকল শাখা ব্যবস্থাপক  
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

(উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

(মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। বিভাগীয় প্রধান, আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬। অঞ্চল প্রধান (সকল) প্রবাসী কল্যাণ ব্যাংক।